উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# উপজেলা পরিষদ
# মহম্মদপুর, মাগুরা

**মাগুরা জেলার মহম্মদপুর উপজেলার জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব আবু আব্দুল্লাহেল কাফী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, মহম্মদপুর, মাগুরা।
তারিখ ও সময় : ১৮.০৭.২০২১ খ্রি:, বেলা ১১.৩০ টা।

জুম সভায় কানেক্ট হওয়া সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। এবং সিদ্ধান্তসমূহ দৃঢ়করণ করা হয়। অত:পর সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, জানান যে, মহম্মদপুর হাসপাতালে চাহিদা মোতাবেক অক্সিজেন মজুদ রয়েছে। অক্সিজেনের কোন ঘাটতি নাই। এ ছাড়া তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক এবং সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নাই। | ১) যথাযথভাবে মাস্ক পরার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল মহম্মদপুর মাগুরা |
| ২) কৃষি অফিস:<br>উপজেলা কৃষি কর্মকর্তা, মহম্মদপুর জানান যে, বোরো ধান রোপন প্রায় সমাপ্ত হয়েছে। উপজেলাতে সার ও বীজের কোন সংকট নাই। এ ছাড়া তিনি সভাকে আরোও অবহিত করেন যে, রাজাপুর ইউনিয়নের নলডাঙ্গা গ্রামে নবগঙ্গা নদীর সেচ প্রকল্পে পাকা নালা নির্মাণ করা হলে ২০০ একর জমি আবাদযোগ্য হবে মর্মে ২০০ ব্যক্তির স্বাক্ষর সম্বলিত আবেদন পাওয়া গেছে। বিষয়টি বিবেচনার জন্য আবেদন করেন।<br>এ বিষয়ে সভার সকলে ইতিবাচক দৃষ্টিতে পদক্ষেপ নেওয়ার আহবান জানানো হয়।<br>আশা করি বোরো ধানের বাম্পার ফলন হবে। | ২) সেচ নালা নির্মানে কারিগরী প্রতিবেদন দাখিলের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, মহম্মদপুর মাগুরা |
| ৩) প্রাণিসম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণিম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৌসুমী রোগ নিরাময়ের জন্য পশুদের টিকা দেওয়ার বিষয়ে সভাকে অবহিত করেন। | ৩) টিকা দানের জন্য মাইকিং করার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ৪) উপজেলা প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২১- ২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানান। | ৪। আগামী সভায় প্রকল্প দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মহম্মদপুর, মাগুরা |
| ৫) মৎস্য বিভাগ: | ৫) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, |

| | | |
|---|---|---|
| উপজেলা মৎস্য কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, দেশে আমিষের চাহিদা পুরণে মাছের ভূমিকা অপরিসীম। যে সমস্ত হাজা মজা পুকুরে বর্ষার পানি রয়েছে সেখানে মাছ চাষের জন্য সকলকে আহবান জানানো হয়। | | মহম্মদপুর ও উপজেলা মৎস্য কর্মকর্তা, মহম্মদপুর মাগুরা। |
| ৬) উপজেলা শিক্ষা অফিস : উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান এ মূহুর্তে বন্ধ রয়েছে। | ৬) শিক্ষা প্রতিষ্ঠান মাঝে মাঝে পরিস্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত হয় | উপজেলা শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা। |
| ৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | ৭) শিক্ষা প্রতিষ্ঠান মাঝে মাঝে পরিস্কার পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | ৮) বিধি মোতাবেক কাজ সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্তক |
| ৯) সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা অফিসার, মহম্মদপুর মাগুরা জানান যে, মহম্মদপুর উপজেলা শতভাগ সামাজিক নিরাপত্তা বেষ্টনী (বয়স্ক, বিধবা/স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধী ভাতা) কর্মসূচির সুবিধার আওতায় এসেছে। এ বিষয়ে কোন সমস্যা পরিলক্ষিত হলে সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ৯) সঠিকভাবে এ সেবা প্রদান নিশ্চিতকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মহম্মদপুর, মাগুরা |
| ১০) সমবায় অফিস: উপজেলা সমবায় অফিসার, মহম্মদপুর মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম যথানিয়মে চলমান রয়েছে। | ১০) ইউনিয়নে সমবায় সমতি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং পুরাতন সমবায় সমিতির তালিকা আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার, মহম্মদপুর, মাগুরা |
| ১১) বিআরডিবি অফিস: উপজেলা বিআরডিবি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | ১১) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা |
| ১২) মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, দাপ্তরীক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মাতৃত্বকালীন ভাতা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া কোন সমস্যা নাই। | ১২) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ১৩) বিদ্যুৎ বিভাগ: সভায় বিদ্যুৎ বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। উপস্থিত বিভিন্ন বিভাগের/দপ্তরের কর্মকর্তাগণ জানান যে, অফিস ভিত্তিক বিদ্যুৎ সংযোগ মিটার না থাকায় বিদ্যুৎ বিল পরিশোধে নানা রকম সমস্যার সৃষ্টি হচ্ছে। অফিস ভিত্তিক পৃথক মিটার সংযোগ প্রদান করা প্রয়োজন। | ১৩) সরকারি বিধি মোতাবেক ফি গ্রহণপূর্বক প্রতিটি দপ্তরের জন্য পৃথক পৃথক মিটার সংযোগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর। |
| ১৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | ১৪) চলমান প্রকল্পগুলি ভালভাবে মনিটরিং এর সিদ্ধান্ত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহম্মদপুর মাগুরাসহ সংশ্লিষ্ট সকল |
| ১৫) যুব উন্নয়ন অফিস: উপজলো যুব র্কমর্কতা, মহম্মদপুর জানান যে, তাঁর দপ্তররে কাজ কর্ম স্বাভাবকিভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | ১৫) অফিসের কাজ কর্ম যথাযথভাবে পরিচালনা সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ১৬) সহকারী প্রকৌশলীর দপ্তর (জনস্বাস্থ্য) : উপ-সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | ১৬) বিধি মোতাবেক কাজ কর্ম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |



CamScanner

| | | |
|---|---|---|
| ১৭) আমার বাড়ি আমার খামার:<br>সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প সভাকে আরও অবহিত করেন যে, কিছু বকেয়া ঋণ অনাদায়ী রয়েছে। | ১৭) বিধিমতে বকেয়া আদায় কার্যক্রম চালানোর জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। এবিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১৮) মহিলাদের স্বাস্থ্যসেবা যথাযথভাবে প্রদানের সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ |
| ১৯) চলমান প্রকল্প দাখিল: উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, উপজেলা মাসিক সমন্বয় সভায় প্রতিটি দপ্তরের চলমান প্রকল্প এবং গুরুত্বপূর্ণ বিষয়াদি লিখিতভাবে মিটিং শেষ হওয়ার ০৩(তিন) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছিলো। কিন্তু কোন দপ্তর থেকে এ পর্যন্ত যথাযথ সাড়া পাওয়া য়ায় নাই। বিষয়টি দু:খজনক। | ১৯) সকল দপ্তরের কার্যক্রম লিখিত ভাবে মিটিং শেষ হওয়ার ০৩(তিন) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| ২০) উপজেলা বন বিভাগ: ফরেস্টার, উপজেলা বনবিভাগ, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান আছে। | ২০) বিধি মোতাবেক কাজ পরিচালনা সিদ্ধান্ত হয়। | ফরেস্টার, উপজেলা বন বিভাগ |
| ২১) বিবিধ:<br>(১) উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ জুন ২০২১ মাসে ৫০০০/-টাকা ব্যয় হয়েছে। যা অপরিশোধিত রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ) আনুষঙ্গিক খাত হতে উত্তোলনপূর্বক পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>(২) উপজেলা পরিষদ সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ জুন ২০২১ মাসে ৩০,০০০/- টাকা ব্যয় হয়েছে। ভাইস চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে গঠিত ১৭টি উপজেলা কমিটির সভার জন্য ৮০০০/-টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(জ)(১)(২) খাত হতে পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>(৩) ক) কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জন্য মহম্মদপুর সদর হাসপাতালে ১০টি অক্সিজেন সিলিন্ডার, ৫০টি অক্সিমিটার সরবরাহ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) ডেঙ্গু মশার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় মশা নিধনের জন্য একটি ফোগার মেশিন সরবরাহের বিষয়ে সভায় আলোচনা হয়। | ২১) বিবিধ:<br>(১) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ ব্যয়িত ৫০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ) আনুষঙ্গিক খাত হতে<br><br>(২) উপজেলা পরিষদ সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ জুন ২০২১ মাসে ব্যয়িত ৩০,০০০/- টাকা এবং উপজেলা কমিটিবাবদ ৮০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(জ)(১)(২) খাত হতে পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঘ) অপ্রত্যাশিত খাত হতে ৩,০০,০০০/- টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঘ) অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা/উপজেলা প্রকৌশলী, মহম্মদপুর মাগুরা। |

CamScanner

| | | |
|---|---|---|
| (৪) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, মহম্মদপুর মাগুরা উপজেলা পরিষদের ২০২০-২১ অর্থ বছরের জন্য ৪০,০০০/- টাকা ইউনিয়ন পরিষদ ট্যাক্স পরিশোধের জন্য আবেদন করেছেন। ট্যাক্স পরিশোধের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | (৪) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ড) বিদ্যুৎ টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর পরিশোধ খাত হতে ৪০,০০০/- টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৫) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ কার্যালয় ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় উহা সংস্কার করার বিষয়ে আলোচনা হয়। | (৫) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ক) বাসাবাড়ি ও অফিস ভবন মেরামত খাত হতে ১,২৫,০০০/-টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৬) আসন্ন জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন ও মুক্তিযুদ্ধ স্মৃতি চত্বর এবং তৎসংলগ্ন বাগানের সৌন্দর্য ও শোভা বর্ধনের, বাউন্ডারী ওয়াল রঙ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (৬) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ক) বাসাবাড়ি ও অফিস ভবন মেরামত খাত হতে ১,৫৬,০০০/-টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৭) উপজেলা পরিষদ কনফারেন্স রুমে বোর্ড স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | (৭) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ছ) আসবাব পত্র সংগ্রহ ও মেরামত খাত হতে ৭৮০০/--টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৮) দৈনিক নবচেতনা পত্রিকার বাংলা ১৪২৮ বঙ্গাব্দে ০২টি জলমহাল ইজারার বিজ্ঞপ্তি বাবদ সর্বমোট ৬৩১২০/-টাকা পরিশোধের বিষয়ে সভায় আলোচনা হয়। | (৮) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঢ) বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর খাত হতে ৬৩১২০/--টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (৯) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোস্থ কার্যালয় এবং উপজেলা পরিষদ মিনি হলরুমে পর্দা লাগানোর বিল পরিশোধের বিষয়ে সভায় আলোচনা হয়। | (৯) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ক) বাসাবাড়ি ভবন ও মেরামত খাত হতে ৪১,৫০০/--টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

CamScanner

| | | |
|---|---|---|
| ১০) এ উপজেলার ডেঙ্গু নিয়ন্ত্রণের জন্য সকল ইউনিয়ন পরিষদের অনুকূলে মশা নিধনের জন্য আলোচনা করা হয়। | ১০) (৯) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ফ) মশা নিধন খাত হতে ৮০০০০/-টাকা ০৮ ইউনিয়নের মধ্যে ভাগ করে দেওয়ার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয়ের বাসভবনের আসবাবপত্র ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন পাওয়া গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ছ ) মোতাবেক আসবাবপত্র সরবরাহ ব্যয় (ভ্যাট আইটসহ) করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২) উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনে অবস্থিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস রুমের অভ্যন্তরীন সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ১২) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ক ) মোতাবেক অফিস মেরামত, রঙকরণ এবং প্রয়োজনীয় ২,০০,০০০/- মালামাল সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৩) উপজেলা পরিষদ ভবনেরর পানির লাইন বন্ধ হওয়ায় এবং বিভিন্ন জায়গায় পানির অপচয়রোধে পানির লাইন জরুরী ভিত্তিতে মেরামত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৩) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ট) মোতাবেক পানির লাইন মেরামত বাবদ ১৭৫০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪) উপজেলা পরিষদ মিনি হলরুমের পাশে পানির ফিল্টার স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৪) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ট) মোতাবেক পানির লাইন মেরামত খাত হতে পানির ফিল্টার স্থাপনের বিল ২৪,৯০০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫) উপজেলা পরিষদ শাপলা কোয়াটার পিছনের ভেন্টিলেটর জানালা দরজা, কলাপসিবল গেট পুরাতন জরাজীর্ণ হওয়ায় উহা মেরামত করার জন্য বসবাসকারীগণ আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৫) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ক) মোতাবেক অফিস মেরামত, রঙকরণ এবং প্রয়োজনীয় ১,০০,০০০/- মালামাল সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ছ) | |

CamScanner

| | | |
|---|---|---|
| ১৬) উপজেলা পরিষদ ভবনে সেবা প্রার্থীদের বসার এসএস বেঞ্চ, ভেঙ্গে যাওয়ায় উহা জরুরী সংস্কার করার আলোচনা হয়। | ১৬) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ছ) আসবাব পত্র সংগ্রহ ও মেরামত খাত হতে ৪২,০০০/--টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৭) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসার অভ্যন্তরে গাড়ির গ্যারেজ সাটার, টিনসেড ব্যবহার অনুপযোগী হওয়ায় উহা মেরামত ও পরিবর্তনের বিষয়ে আলোচনা হয়। | ১৭) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ক) বাসাবাড়ি ও অফিস ভবন মেরামত খাত হতে ২৪,৯০০/--টাকা পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮) ২০২১-২২ অর্থ বছরে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ি জরুরীভাবে মেরামত করা প্রয়োজন। | ১৮) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ণ) জীপ গাড়ি মেরামত খাত হতে ১,০০,০০০/-টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

অধ্যক্ষ আবু আব্দুল্লাহেল কাফী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
মহম্মদপুর, মাগুরা।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহম্মদপুর, মাগুরা।
mohammadpur.magura.gov.bd

স্মারক নং ০৫.৪৪.৫৫৬৬.০০০.১২.০০১.২১-

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ / ১৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ড. শ্রী বীরেন শিকদার, মাননীয় সংসদ সদস্য, ৯২, মাগুরা-২।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৬। জেলা প্রশাসক, মাগুরা।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১১। উপজেলা ........................... কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা।
১২। চেয়ারম্যান, বাবুখালী/ বিনোদপুর/দীঘা/রাজাপুর/বালিদিয়া/ মহম্মদপুর/পলাশবাড়িয়া ও নহাটা ইউনিয়ন পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১৩। অফিস কপি।

১৮/০৭/২১

রামানন্দ পাল
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।

CamScanner